

১২৭
উজ্জ্বল
Dm/mis)-152
০১.০২.১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
উত্তরা রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা
সংলক্ষী, নীলফামারী।
www.bepza.gov.bd

সূত্র নং- ০৩.৩৮৫.০১৮.০০.০০.৬৪১.২০১৩/২০৭৫

তারিখঃ ১৫ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ
২৮ জানুয়ারী, ২০১৮ খ্রিষ্টাব্দ

পুনঃনিলাম বিজ্ঞপ্তি

উত্তরা ইপিজেডের বিভিন্ন প্রকার স্ক্রাপ (Scrap) এম এস পাইপ ও গেইট ভাল (ব্যবহার অনুপযোগী ও পুরানো) বিক্রয়ের উদ্দেশ্যে আগ্রহী ক্রেতাদের নিকট হতে সীলমোহরকৃত মুখবন্ধ খামে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্রের শর্ত ও নিয়মাবলীঃ-

- ০১) যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান প্রচলিত বিধি মোতাবেক এই নিলামে অংশ গ্রহণ করতে পারবে।
- ০২) নিলাম দরপত্র দাতাকে উদ্ধৃত মূল্যের ২৫% অর্থ জামানত হিসেবে যে কোন সিডিউল ব্যাংক থেকে “বেপজা” এর অনুকূলে পে- অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে নিলাম দরপত্রের সাথে দাখিল করতে হবে।
- ০৩) আগামী ০৬-০২-২০১৮ হতে ১৮-০২-২০১৮ পর্যন্ত সকল কার্যদিবসে সকাল ১০.০০ ঘটিকা হতে বেলা ০৩.০০ ঘটিকা পর্যন্ত বর্ণিত মালামাল সরেজমিনে পরিদর্শন করা যাবে।
- ০৪) নিলাম দাতার দর কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণের পর পে- অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উদ্ধৃত মূল্যের উপর সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর বাবদ অর্থসহ অবশিষ্ট মূল্য পরিশোধ করতে হবে।
- ০৫) নিলাম দরপত্র দলিল আগামী ১৮-০২-২০১৮ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে উত্তরা ইপিজেড এর হিসাব বিভাগ থেকে অথবা নীলফামারী জেলা প্রশাসকের কার্যালয় থেকে নগদ ৫০০/- টাকা পরিশোধ করে সংগ্রহ করা যাবে।
- ০৬) পুরাতন নিলামযোগ্য মালামাল ক্রয়ের ব্যাপারে তথ্যাবলী উত্তরা ইপিজেড এর প্রকৌশল (বিদ্যুৎ) বিভাগ/প্রশাসন বিভাগের সাথে সরাসরি যোগাযোগ করে জানা যাবে।
- ০৭) নিলামে অন্তর্ভুক্ত মালামাল ছাড়া অন্য কোন মালামাল নেয়া যাবে না এবং সকল মালামাল একটি লট হিসেবে গণ্য হবে। অন্য কোন মালামাল নেয়ার কোন প্রমান পাওয়া গেলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী জরিমানা আরোপ করা হবে এবং নিলাম আদেশ বাতিল করা হবে।
- ০৮) কর্তৃপক্ষের সিদ্ধান্তের পর লিখিত নোটিশ জারীর ৭ (সাত) দিনের মধ্যে বিক্রয়ের জন্য নির্ধারিত মালামালসমূহ অফিস চলাকালীন সময়ের মধ্যে সম্পূর্ণ অপসারণ করতে হবে।
- ০৯) আগামী ১৯-০২-২০১৮ তারিখ দুপুর ১২.০০ টা পর্যন্ত মহাব্যবস্থাপক, উত্তরা ইপিজেড এবং জেলা প্রশাসকের কার্যালয়ে দরপত্র দাখিল করা যাবে এবং ১৯-০২-২০১৮ তারিখ বেলা ০৩.০০ ঘটিকায় উপস্থিত নিলাম দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) উত্তরা ইপিজেড কনফারেন্স রুমে খোলা হবে।
- ১০) কোনরূপ কারণ না দেখিয়ে কর্তৃপক্ষ যে কোন নিলাম দরপত্র গ্রহণ বা বাতিল অথবা উক্ত নিলাম প্রক্রিয়া বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

স্বা/-

(নুরুল ইসলাম খান)
নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)
ও আহ্বায়ক
স্ক্রাপ মালামাল বিক্রয় কমিটি
ফোনঃ +৮৮ ০৫৫১ ৬৫০০৬

ই-মেইলঃ nurulislamkhan12@gmail.com

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। জেলা প্রশাসক, নীলফামারী।
- ০২। সচিব, বেপজা- নিলাম দরপত্র বেপজার নোটিশ বোর্ডে দেয়ার জন্য অনুরোধ করা হলো।
- ০৩। মহাব্যবস্থাপক (জনসংযোগ), বেপজা- আগামী ০৬-০২-২০১৮ তারিখের মধ্যে দুইটি জাতীয় দৈনিক ও একটি স্থানীয় দৈনিক পত্রিকায় নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৪। মহাব্যবস্থাপক (এমআইএস), বেপজা- বেপজা ওয়েবসাইটে নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। মহাব্যবস্থাপক, উত্তরা ইপিজেড।
- ০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, উত্তরা ইপিজেড।
- ০৭। উপ-ব্যবস্থাপক (হিসাব/কঃঅঃ ও শিঃসঃ), উত্তরা ইপিজেড।
- ০৮। সহকারী সচিব (প্রশাসন)/নিরাপত্তা কর্মকর্তা, উত্তরা ইপিজেড।
- ০৯। সহকারী সমন্বয় কর্মকর্তার মাধ্যমে সদস্য (বিউ/অর্থ/প্রকৌশল), বেপজা।
- ১০। নথি/মহানথি।

১২৭
উজ্জ্বল
Dm/mis)-152
০১.০২.১৪

নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)
২৮/০২/১৮